দৈনিক বাংলা

তারিখ 23 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ২

196

# চক্রান্ত করে ডাকসু নির্বাচন ঠেকানো যাবে না ঃ ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ডাকসু নির্বাচনের দাবীতে ছাত্রদল ঢাকা বিশ্ব-বিদ্যালয় শাখার উদ্যোগে এক সমাবেশ শনিবার ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত হয়। সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, দেশের মানুষ যখন বন্যাকবলিত, তখন আওয়ামী লীগ প্রধান শেখ হাসিনা আর্ত-মানবতার পাশে না দাঁড়িয়ে ওয়াশিংটনে

(৮-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চক্রান্ত করে ডাকসু

(প্রথম পৃষ্ঠার পর)

বসে গণতন্ত্র নস্যাৎকারীদের সঙ্গে হাত মিলিয়ে প্রাসাদ ষড়যন্ত্রে মেতে উঠেছেন।

নেতৃবৃন্দ ডাকসু নির্বাচন নিয়ে শেখ হাসিনা ও ছাত্রলীগের (শা-পা) বক্তব্যের বিরুদ্ধে হুশিয়ারি উচ্চারণ করে বলেন, উদ্দীপ্ত তারুণ্যের প্রাণের দাবী ডাকসু নির্বাচনকে ষড়যন্ত্র করে দাবিয়ে রাখা যাবে না।

সমাবেশে ছাত্রদলের সাধারণ সম্পাদক নাজিম উদ্দীন, তরিকুল ইসলাম বহু, মনোয়ার হোসেন রানা, এবিএম মোশাররফ হোসেন, মনির হুসেন ও কাজী রফিক বক্তৃতা করেন।